মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **জুলাই ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৪ আগস্ট ২০১৬**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	২০৮	৩৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯২২	৩৪২
মোট	**১,৫০৯**	**১,১৩০**	**৩৭৯**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	১২	১৩	০৬	৩৭
দুর্নীতি দমন কমিশন	-	-	৪১	৩০	১৩৬	০৩	২১০*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	৬-৮ জুলাই ২০১৬ মেয়াদে সরকারি সফরে কুমিল্লা, ফেণী, চট্টগ্রাম, কক্সবাজার জেলা পরিদর্শন করেন।	Dialogue Programme-এ অংশগ্রহণের জন্য ১২-১৬ জুলাই ২০১৬ মেয়াদে জাপান সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	০.২৬২ (৪%)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ০.৩৪০৩ (৪%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**-**	**৩২টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৭	-	-	-	০৩	১৪	০৩

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	-	Dialogue Programme on 'Good Governance and Anti-Corruption' স্থান: Japan	১০-১৮ জুলাই ২০১৬	Japan International Cooperation Agency (JICA)	**চার জন** ১। সচিব (সমন্বয় ও সংস্কার) ২। উপসচিব ৩। সিনিয়র সহকারী সচিব ৪। সিনিয়র সহকারী সচিব
		Dialogue Programme স্থান: Japan	১২-১৬ জুলাই ২০১৬	Japan International Cooperation Agency (JICA)	**দুই জন** ১। উপসচিব ২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
		11th Annual Global Tobacco Control Leadership Program স্থান: United States of America	১৮-২৯ জুলাই ২০১৬	Institute for Global Tobacco Control (IGTC)	**এক জন** অতিরিক্ত সচিব
দুর্নীতি দমন কমিশন	১।	Dialogue Programme on Good Governance	১০-১৮ জুলাই ২০১৬	জাপান	একজন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা দু'টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ২০টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে আটটি বাস্তবায়িত হয় এবং ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি ইতোমধ্যে সম্পাদন করা হয় এবং তা ভেটিং প্রাপ্তির পর মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হবে।

(৪) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত দু'টি পত্র জারি করা হয়।

(৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়া-ইউরোপ সভার ১১তম শীর্ষ-সম্মেলনে যোগদানের জন্য ১৪ জুলাই ২০১৬ তারিখ বৃহস্পতিবার ১০২৫ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০৭৮ ভিভিআইপি ফ্লাইটযোগে মঙ্গোলিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৬) সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা (মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন) ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম তাঁর বর্তমান দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে জ্বালানি উপদেষ্টা (Energy Adviser) পদে দায়িত্ব গ্রহণের তারিখ হতে ছয় মাসের জন্য দায়িত্ব পালন করবেন। তাঁর নিয়োগের শর্তাবলি পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হবে। মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ জুলাই ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০৮. ১৪.১৭০ সংখ্যক স্মারকের অনুবৃত্তিক্রমে এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৭ জুলাই ২০১৬ তারিখে ০৪.০০.০০০০.৪২১.৮৪. ০০৮.১৪.১৭২ সংখ্যক স্মারকে বাংলাদেশ গেজেটে সকলের অবগতির জন্য প্রকাশিত হয়।

(৭) ১২টি পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, প্রশাসন ও বিধি অনুবিভাগের অন্যান্য শাখার প্রতিবেদন শূন্য।

(৮) ই-মোবাইল কোর্ট বিষয়ক প্রশিক্ষক-প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের আবাসন সংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১২ জুলাই ২০১৬ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, ঢাকা এবং উপপরিচালক, আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি), নিউ ইস্কাটন, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) ই-মোবাইল কোর্ট সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষক-প্রশিক্ষণ (TOT) কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের বিষয়ে কর্মকর্তাদের তথ্য প্রেরণসহ মনোনীত প্রশিক্ষনার্থীদেরকে প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য ১২ জুলাই ২০১৬ তারিখে জেলা প্রশাসক, দিনাজপুর, লালমনিরহাট, বগুড়া, লক্ষ্মীপুর ও নোয়াখালীকে পত্র প্রেরণ করা হয়।

(১০) মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সহকারী সচিব মাহ্‌ফুজা বেগম-এর হারানো মোবাইল ফোন সেট উদ্ধারের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ জুলাই ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ মাঠে ঈদ-জামাত উপলক্ষে স্থাপিত পুলিশি নিরাপত্তা চেকপোস্টে সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে তাৎক্ষণিক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত প্রতিবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ জুলাই ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১২) জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি কর্তৃক ২৩ জুন ২০১৬ তারিখে খাগড়াছড়ি জেলার পানছড়ি থানা পরিদর্শন প্রতিবেদনের মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ জুলাই ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১৩) জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ কর্তৃক ১৬ জুন ২০১৬ তারিখে ঝিনাইদহ জেলার মহেশপুর থানা পরিদর্শন প্রতিবেদনের মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ জুলাই ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১৪) ঢাকা মহানগর উত্তর যুবলীগের দপ্তর সম্পাদক আবদুল্লাহ আল মামুন খান হত্যার সুষ্ঠু বিচার পাওয়ার আবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৬ জুলাই ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে প্রমাপ অর্জনের জন্য অভিনন্দন জ্ঞাপন করে জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এবং কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) র‌্যাব সদর-দপ্তরে কর্মরত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ সারওয়ার আলম-এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৮ জুলাই ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) ই-মোবাইল কোর্ট সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষক-প্রশিক্ষণ (TOT) কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের বিষয়ে কর্মকর্তাদের তথ্য প্রেরণসহ ২১ জুলাই ২০১৬ তারিখে জেলা প্রশাসক, সিলেট, নীলফামারী, কক্সবাজার, বান্দরবান ও ভোলা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) জুন ২০১৬ মাসের বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২০ জুলাই ২০১৬ তারিখে সকল জেলা ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হয়।

(১৯) মায়ানমার জেলে থাকা বাংলাদেশী নাগরিকদের সম্পর্কে তথ্য প্রেরণের জন্য ধন্যবাদ জানিয়ে ২৪ জুলাই ২০১৬ তারিখে আধা সরকারি পত্র ইয়াংগুনস্থ বাংলাদেশের রাষ্ট্রদূতকে প্রেরণ করা হয়।

(২০) বিভাগীয় কমিশনার, চট্টগ্রামের নন্দনকাননের ডিসি হিলস্থ বাংলো কাম অফিসে বৈদ্যুতিক লাইন শর্ট সার্কিট হয়ে বৈদ্যুতিক দুর্ঘটনার কারণে নতুন বৈদ্যুতিক লাইন ও ট্রান্সফরমার স্থাপন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৮ জুলাই ২০১৬ তারিখে সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিট ১২ জন, নথিভুক্তির জন্য ২২ জন সরকারি কর্মকর্তার বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়;

(২২) এছাড়া, বিভিন্ন আইনে ১৯ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়; এবং

(২৩) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ জুলাই ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখা জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২৪) ২৬-২৯ জুলাই ২০১৬ মেয়াদে চার দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন-২০১৬ অনুষ্ঠিত হয়। প্রণীত কর্মসূচি অনুযায়ী ২৫.৭.২০১৬ তারিখ যথাযথ প্রস্তুতি গ্রহণপূর্বক উল্লিখিত রেজিস্ট্রেশন ও ব্রিফিং-এ অংশগ্রহণের লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে ২৪.৭.২০১৬ তারিখ অপরাহ্নে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৫) ২৮-২৯ জুলাই ২০১৬ মেয়াদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভো থিয়েটার কমপ্লেক্সে অনুষ্ঠিতব্য “উন্নয়ন উদ্ভাবনে জনপ্রশাসন-২০১৬” শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে যোগদান সংক্রান্ত পত্রের চিত্রপ্রতিলিপি যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ বরাবরে প্রেরণ করা হয়।

(২৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), চট্টগ্রাম বিভাগ জনাব শংকর রঞ্জন সাহা-এঁর অনুকূলে North Carolina, USA ভ্রমণের নিমিত্ত ২২.৯.২০১৬ হতে ৩০.১১.২০১৬ মেয়াদে অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ৭০ (সত্তর) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরের বিষয়ে শর্তসাপেক্ষে এই বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(২৭) আগামী ২০-৩০ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে চীনের বেইজিং-এ অনুষ্ঠেয় Training and Exchange Program-এ বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ-এঁর অংশগ্রহণের বিষয়ে শর্তসাপেক্ষে এই বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(২৮) ২১.৭.২০১৬ তারিখে ভারতের নয়া দিল্লীতে অনুষ্ঠেয় First Joint Working Group Meeting-এ অংশগ্রহণের জন্য জেলা প্রশাসক, বাগেরহাটকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৯) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ জনাব মোঃ রুহুল আমীনকে আগামী ১০.৮.২০১৬ হতে ০৮.৯.২০১৬ মেয়াদে ত্রিশ দিনের মঞ্জুরিকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটিতে যুক্তরাষ্ট্র ভ্রমণের নিমিত্ত কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৩০) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগকে ২৪.৭.২০১৬ তারিখে ফ্রান্সের জাতীয় দিবস উপলক্ষে অভ্যর্থনা অনুষ্ঠানে যোগদানের নিমিত্ত অনুমতি প্রদান করা হয়।

(৩১) স্ট্যাম্প ভেন্ডরদের জন্য ১০০ (একশত) পৃষ্ঠা সম্বলিত স্ট্যাম্প ভেন্ডর রেজিস্টার গ্রহণপূর্বক জেলা প্রশাসকগণের প্রতিনিধির নিকট বিতরণ করার লক্ষ্যে এ বিভাগের মাঠপ্রশাসন সংস্থাপন অধিশাখার অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ মনছের আলীকে নির্দেশক্রমে নিয়োগ করা হয়। স্ট্যাম্প ভেন্ডর রেজিস্ট্রার গ্রহণপূর্বক বণ্টন তালিকা অনুযায়ী জেলা প্রশাসকগণের প্রতিনিধির নিকট বিতরণ করার লক্ষ্যে উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকার বরাবরে পত্র জারি করা হয়।

(৩২) ড. শাহিদা আকতার, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ গত ০১.০৬.২০১৬ তারিখে রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলা পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেন এবং জনাব রিয়াসাত আল ওয়াসিফ, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ গত ১৫.০৫.২০১৬ তারিখে চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলা পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩৩) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(৩৪) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৪ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৫) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুনের দ্বিতীয় ও জুলাই প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়;

(৩৬) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়;

(৩৭) বিভিন্ন কমিটিতে জেলা প্রশাসকের প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার-এর অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়;

(৩৮) জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৬-এর সংশোধিত কেন্দ্রীয় কর্মসূচি সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৩৯) পুরান ঢাকায় সরকারি সম্পত্তি দখলের হিড়িক শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়;

(৫১) বাংলাদেশ পানি বিধিমালা-২০১৬-এর খসড়ার ওপর মতামত প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫২) মানিকগঞ্জ সরকারি উচ্চবিদ্যালয়ের অর্ধ-বার্ষিক পরীক্ষায় ব্যবহৃত সপ্তম শ্রেণির 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ের অসঙ্গতিপূর্ণ প্রশ্নপত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৩) ১২, ১৩, ১৪ এবং ১৬ জুলাই ২০১৬ তারিখে জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসকদের জন্য National Social Security Strategy-অবহিতকরণ ০৮টি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৫৪) বাংলাদেশে বিদ্যমান সকল কমিশন সংক্রান্ত একটি তথ্যপত্র প্রস্তুত করা হয়।

(৫৫) ২৪ জুলাই ২০১৬ তারিখে Preparatory Phase of Civil Registration and Vital Statistics (CRVS) in Bangladesh শীর্ষক প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত বিশেষ সভা অনুষ্ঠিত হয়।

(৫৬) ২৮-২৯ জুলাই ‘উন্নয়নে উদ্ভাবন জনপ্রশাসন’ শীর্ষক সামিটে মন্ত্রিপরিষদ বিভাগের স্টল আয়োজন এবং পরিচালনা করা হয়।

(৫৭) ২৮ জুলাই ‘উন্নয়নে উদ্ভাবন জনপ্রশাসন’ শীর্ষক সামিটে মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে 'Delivering the core of digital government through CRVS'-শীর্ষক সেমিনার আয়োজন এবং উক্ত সেমিনারের Keynote paper উপস্থাপন করা হয়।

(৫৮) ‘Building Capacity for the Use of Research Evidence (BCURE)’ প্রকল্পের ৩য় ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৫৯) ১৮টি জেলা ও মন্ত্রিপরিষদ বিভাগে ই-মোবাইল কোর্ট সিস্টেম বাস্তবায়নের ব্যয় বাবদ এ-টু-আই কর্তৃক বরাদ্দকৃত ৭৯,৪৩,৪০০ টাকা প্রেরণ করা হয়।

(৬০) ১২ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত এনইসি সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসন সংক্রান্ত পত্রটি মুখ্যসচিব প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করা হয়।

(৬১) ‘উন্নয়নে উদ্ভাবন জনপ্রশাসন-২০১৬’ শীর্ষক সামিটে উদ্ভাবনী উদ্যোগসমূহের প্রদর্শনী ও বিষয়ভিত্তিক সেমিনারে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের চীফ ইনোভেশন অফিসারসহ ইনোভেশন টিমের কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/ সচিবগণকে অনুরোধ করা হয়।

(৬২) ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হয়।

(৬৩) ৩১ জুলাই ২০১৬ তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির নবম সভা অনুষ্ঠিত হয়।

(৬৪) ২৪ জুলাই জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮০তম সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (জুলাই-আগস্ট) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভসে হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৯) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh’ শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১০) জেলা-সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(১১) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠান।

(১২) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।

(১৩) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(১৪) Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন সম্পাদন।

(১৫) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা হতে পারে।

(১৬) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা হতে পারে।

(১৭) স্বাধীনতা পুরস্কার ২০১৭-এর জন্য প্রস্তাব আহ্বান করা হবে।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd